# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 23.06.2026** **Time: 01:30PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লীতে পদ্ম পুরস্কার প্রদান করবেন।

২) জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল জাতীয় নিরাপত্তার ক্ষেত্রে নতুন ধরণের ঝুঁকি সম্পর্কে সচেতন থাকার ওপর জোর দিয়েছেন।

# তিনি, নতুন দিল্লিতে, ষোড়শ ব্রিকস জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের বৈঠকে সভাপতিত্ব করছেন।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ভারতকে দ্রুত বিকাশশীল ও বিশ্বাসযোগ্য অর্থনীতির দেশ হিসেবে বর্ণনা করেছেন।

৪) পশ্চিমবঙ্গ বিধানসভায় রাজ্যপালের অভিভাষণের ওপর ধন্যবাদ সূচক প্রস্তাবের ওপর আলোচনা চলছে।

৫) বিশ্বকাপ ফুটবলে, আজ পর্তুগাল, উজবেকিস্তানের ও ইংল্যান্ড, ঘানার বিরুদ্ধে খেলবে।

*************************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লীর রাষ্ট্রপতি ভবনে ২০২৬-এর সর্বোচ্চ অসামরিক সম্মান পদ্ম পুরস্কার প্রদান করবেন। আজকের অনুষ্ঠানে রাষ্ট্রপতি ২ পদ্ম বিভূষন, ৭ পদ্মভূষনের পাশাপাশি ৫৬ জনকে পদ্মশ্রী সম্মান তুলে দেবেন।

টেনিস তারকা বিজয় অমৃতরাজ, অভিনেতা মাম্মুত্তি, সঙ্গীতশিল্পী অলকা ইয়াগনিক এবং ক্রিকেটার রোহিত শর্মা আজ রাষ্ট্রপতির কাছ থেকে সম্মান গ্রহণ করবেন।

উল্লেখ্য, সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে সরকার এ বছরের পদ্ম পুরস্কারের জন্য ১৩১ জনের নাম ঘোষনা করা হয়।

*************************************************************************

ভারত, মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকটিকে স্বাগত জানিয়েছে। নতুন দিল্লিতে অনুষ্ঠিত ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলর জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের ষোড়শ বৈঠকে দেশের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল বলেন, এই পদক্ষেপ বিশ্বজুড়ে জ্বালানি নিরাপত্তাকে আরও সুদৃঢ় করবে। তিনি হরমুজ প্রণালী খুলে দেওয়ার বিষয়টিকেও স্বাগত জানান এবং উল্লেখ করেন, এর ফলে সরবরাহ ব্যবস্থায় প্রতিবন্ধকতা দূর হবে এবং সার ও রাসায়নিকের মতো পণ্যের ঘাটতি মোকাবিলায় সহায়তা পাওয়া যাবে। ডোভাল জোর দিয়ে বলেন, ওই অঞ্চলে অবাধ নৌ-চলাচল, অর্থনৈতিক সমৃদ্ধিতে অবদান রাখবে।

( বাইট-ডোভাল )

শ্রী ডোভাল বলেন, সারাবিশ্ব বর্তমানে সামরিক সংঘাত, ভূ-রাজনৈতিক অনিশ্চয়তা, অর্থনৈতিক চাপ এবং বৈপ্লবিক প্রযুক্তির প্রভাবে এক অস্থির সময়ের মধ্য দিয়ে যাচ্ছে। শ্রী ডোভাল বলেন, প্রথাগত নয়, এমন নিরাপত্তা ঝুঁকিগুলো এখন জাতীয় সীমানা ছাড়িয়ে গেছে। তিনি উদ্ভাবনী ও আমূল পরিবর্তনশীল প্রযুক্তি, গোপন সন্ত্রাসবাদ এবং ক্রমশ ডিজিটাল ও সাইবার হুমকির বিষয়গুলির ওপর বিশেষ জোর দেন। তিনি জানান, ষোড়শ ব্রিকস জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের বৈঠকে মূলত প্রথাগত নয় এমন নিরাপত্তা চ্যালেঞ্জগুলির ওপরই আলোচনা করা হবে।

**************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ভারতকে দ্রুত বিকাশশীল ও বিশ্বাসযোগ্য অর্থনীতির দেশ হিসেবে বর্ণনা করেছেন। তিনি গতকাল নতুন দিল্লিতে একটি বেসরকারি মিডিয়া হাউজ আয়োজিত এক সম্মেলনে বলেন, ধীরে ধীরে ভারত ভরসাযোগ্য শক্তি হিসেবে আত্মপ্রকাশ করেছে।

( বাইট- PM )

শ্রী মোদী আরো বলেন, ভারতের দ্রুত বিকাশ ও রূপান্তরের পেছনে রয়েছে দেশকে সর্বোচ্চ অগ্রাধিকারের তালিকায় রাখার নীতি। গত দশকে দেশের সাফল্যের মূল প্রোথিত ছিল ভরসা, বিশ্বাস, স্থিতিশীলতা এবং অঙ্গীকারবদ্ধতার ওপরে।

গত ১২ বছরে দেশকে এগিয়ে রাখতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন। এই সমস্ত উদ্যোগ, আগামী এক হাজার বছরে ভারতের ভবিষ্যত নির্ধারণে সহায়ক হবে।

জি-সেভেন শিখর সম্মেলনে তাঁর সাম্প্রতিক অংশগ্রহণের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, বিশ্ব নেতৃবৃন্দও ভারতের এই জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার নীতিকে স্বীকৃতি দিয়েছে।

প্রধানমন্ত্রী এই প্রসঙ্গে স্বচ্ছ ভারত অভিযান, মেক ইন ইন্ডিয়া, খাদি ও দেসীয় পণ্য প্রস্তুতের জন্য তাঁর সরকারের গৃহীত বিভিন্ন উদ্যোগের কথাও তুলে ধরেন, যা দেশ গঠনে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। পরিসংখ্যান দিয়ে তিনি জানান, সাম্প্রতিক কয়েক বছরে ২৫ কোটি মানুষ দারিদ্র মুক্ত হয়েছেন। এর ফলে অর্থনৈতিক কর্মকান্ড আরও প্রসারিত হয়েছে। দরিদ্র ও মধ্যবিত্ত শ্রেণীর ক্ষমতায়ন, তাদের জন্য সুলভ মূল্যে বাসস্থানের বন্দোবস্ত করা, কর সংসস্কার, স্বাস্থ্য পরিষেবা এবং নাগরিক পরিকাঠামো আরও উন্নত করাই সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার বলে উল্লেখ করেন শ্রী মোদী।

**************************************************************************

কৃষি এবং কৃষক কল্যাণমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ নতুন দিল্লিতে কৃষিক্ষেত্রে "এল নিনো" এবং আবহাওয়ার উপর তার প্রভাব বিষয়ে এক পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন। একাধিক রাজ্যের সচিব,জেলা শাসক এবং

উচ্চ পদস্থ আধিকারিকরা এই বৈঠকে অংশ নেন। কম বৃষ্টি,বিকল্প চাষের পরিকল্পনা এবং কৃষকদের স্বার্থ রক্ষার লক্ষ্যে আজকের বৈঠকে আলোচনা হয়েছে।
সমাজ মাধ্যমের এক বার্তায় শ্রী চৌহান জানান,এল নিনো'র পরিস্থিতির সম্ভাবনার দিকে লক্ষ্য রেখে সরকার, কৃষকদের স্বার্থ রক্ষায় এবং কৃষিক্ষেত্রে বিরুপ প্রভাব সীমিত রাখতে বদ্ধপরিকর।

************************************************************************

অযোধ্যার রামন্দিরের দানের টাকা তছরুপের তদন্তে গঠিত বিশেষ তদন্তকারী দল (সিট),আজ উত্তরপ্রদেশ সরকারের কাছে প্রাথমিক রিপোর্ট পেশ করেছে।
লখনউ ডিভিশনাল কমিশনার বিজয় বিশ্বাস পন্থ আজ অতিরিক্ত মুখ্য সচিব সঞ্জয় প্রসাদের হাতে তুলে দেন। তদন্ত এখনও চলছে। উল্লেখ্য, মন্দির ট্রাষ্টের অনুরোধে গত ১৩ই জুন উত্তরপ্রদেশ সরকার রাম মন্দির দান তছরুপের অভিযোগে সিট গঠন করে।

************************************************************************

সংখ্যালঘু বিষয়ক এবং মৎস্য, পশুপালন ও দুগ্ধচাষ বিষয়ক কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জর্জ কুরিয়ান কেন্দ্রীয় মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, শ্রী কুরিয়ানের পদত্যাগপত্র গ্রহণ করে জানিয়েছেন, পদত্যাগপত্র জমা পড়ার পর থেকেই এই বিষয়টি কার্যকর হবে।

************************************************************************

শিক্ষক নিয়োগ পরীক্ষায় অনিয়ম সংক্রান্ত একটি মামলার জেরে এনফোর্সমেন্ট নির্দেশালয়-ED, চেন্নাই, তিরুচিরাপল্লী, কোয়েম্বাটোর এবং মাদুরাইয়ের মোট ১৮ টি স্থানে তল্লাশি চালাচ্ছে। ED জানিয়েছে, ২০১৭ সালে সেন্ট্রাল ক্রাইম ব্রাঞ্চের দায়ের করা একটি FIR-এর ভিত্তিতেই এই পদক্ষেপ। সংস্থাটি আরও জানায়, পুলিশ ২০২১ সালে এই মামলায় চার্জশিট দাখিল করেছিল।

************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ***রবিবার ২৮ শে জুন***, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৫-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।
হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি স্বর-এ।*

*********************************************************************

জুন মাস ছানি নিবারণ মাস হিসেবে চিহ্নিত। ছানি জনিত সমস্যা ও তার প্রতিকার এবং সার্বিকভাবে চক্ষুরোগ ও তার চিকিৎসা নিয়ে আজকের প্রসঙ্গে এবারে বিশেষ আলোচনা - চোখের আলোয়। চক্ষুরোগ বিশেষজ্ঞ ডাক্তার ভাস্কর মুখার্জীর সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল। অনুষ্ঠানটি শোনা যাবে দুটি পর্বে।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানের প্রথম পর্ব সম্প্রচারিত হবে আজ (২৩ জুন,) গীতাঞ্জলি প্রচারতরঙ্গে। DTH পরিষেবা ও আমাদের সোশ্যাল মিডিয়াতেও এটি শোনা যাবে। দ্বিতীয় তথা শেষ পর্ব প্রচারিত হবে ৩০শে জুন।

*********************************************************************

বাজেট অধিবেশনের সূচনায় রাজ্যপালের অভিভাষণের জন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে আনা প্রস্তাবের উপর আজ পশ্চিমবঙ্গ বিধানসভায় আলোচনা চলছে।

ছয় ঘন্টার এই আলোচনায় মোট ৩০ জন বক্তা অংশ নেবেন। বিজেপি, তৃণমূল কংগ্রেসের দুই ব্লকের পাশাপাশি আইএসএফ, সিপিআইএম, কংগ্রেস এবং এজেইউপি-র প্রতিনিধিরাও বক্তব্য রাখবেন। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীও আলোচনায় অংশ নেবেন। এদিন বিধানসভায় রাজ্যপালের ভাষণের উপর আলোচনার সূত্রপাত করেন তৃণমূল কংগ্রেসের প্রসূন বন্দ্যোপাধ্যায়। এরপর, বিজেপির সজল ঘোষ বক্তব্য রাখেন। অধিবেশনের সূচনায় উল্লেখ পর্ব ও দৃষ্টি আকর্ষণী পর্বে নিজ নিজ এলাকার সমস্যা তুলে ধরেন বিভিন্ন এলাকার বিধায়কেরা।

এরপরেই, তৃণমূল কংগ্রেস বিধায়ক কুণাল ঘোষ বক্তব্য রাখতে উঠলে সভায় হই হট্টগোলের সৃষ্টি হয়। সরকার পক্ষের অভিযোগ কুণাল বাবু রাজ্যপালের অভিভাষণের ওপর ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাব নিয়ে আলোচনা না করে অন্যানয় বিষয় নিয়ে আলোচনা করছিলেন। এই সময় পরিষদীয় মন্ত্রী শঙ্কর ঘোষ সভায় সৌজন্য বজায় রাখার ওপর গুরুত্ব দেন এবং রাজ্যপালের ভাষণের ওপরেই বিধায়কদের বক্তব্য সীমিত রাখার জন্যও অনুরোধ করেন।

*********************************************************************

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, ভারত-ব্রিটেন 'কম্প্রিহেনসিভ ইকোনমিক অ্যান্ড ট্রেড এগ্রিমেন্ট'-CETA, ভারতীয় কৃষক, মৎস্যজীবী, কারিগর ও ক্ষুদ্র ব্যবসায়ীদের বিশ্ববাজারে সমৃদ্ধ হতে এবং কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করবে। ইংরেজি দৈনিকে প্রকাশিত একটি নিবন্ধে মন্ত্রী উল্লেখ করেন, চলতি বছরের ১৫ জুলাই থেকে কার্যকর হতে চলা এই চুক্তির ফলে ব্রিটেনের বিভিন্ন খাতে ভারতীয় পণ্য ব্যাপক সুবিধা পাবে। তিনি জানান, এই চুক্তির আওতায় প্রায় ৯৯ শতাংশ পণ্যের ওপর শুল্ক অবিলম্বে তুলে নেওয়া হবে, যা ভারতীয় রপ্তানির জন্য বিপুল সুযোগ সৃষ্টি করবে।

*********************************************************************

বিশ্বকাপ ফুটবলে, আজ গ্রুপ কে-র ম্যাচে, পর্তুগাল খেলবে, উজবেকিস্তানের বিরুদ্ধে। হাউস্টন স্টেডিয়ামে খেলা শুরু ভারতীয় সময় রাত সাড়ে ১০ টায়। এছাড়া, গ্রুপ এল-এর ম্যাচে ইংল্যান্ড, ঘানার মুখোমুখি হবে। ফক্সবরো স্টেডিয়ামে খেলা শুরু রাত দেড়টায়।

গ্রুপ জে-র ম্যাচে, **আলজেরিয়া, জর্ডানকে** ২-১ গোলে হারিয়ে দিয়েছে। জর্ডানের হয়ে প্রথমে নিজার আল রাশদান ৩৬ মিনিটে প্রথম গোল করেন। এরপর আলজেরিয়ার নাধির বেনবৌআলি ৬৯ মিনিটে ও আমিনে গৌইরি ৮২ মিনিটে গোল করে দলকে জয়ের রাস্তায় নিয়ে আসেন। এদিকে, গ্রুপ আই-এর ম্যাচে **নরওয়ে, সেনেগালকে** ৩-২ গোলে হারিয়ে দিয়েছে। নরওয়ের হয়ে মার্কাস হোমগ্রেন পেডারসন ৪৩ মিনিটে গোল করে দলকে এগিয়ে দেন। আর্লিং হালান্ড নরওয়ের হয়ে ৪৮ মিনিটে ব্যবধান বাড়ান। ৫৩ মিনিটে সেনেগালের ইসমাইল সার একটি গোল করেন। ৫৮ মিনিটে ফের হালান্ড একটি গোল করলে, দ্বিতীয়ার্ধের সংযুক্ত সময়ের একেবারে শেষে ইসমাইল সার আরও একটি গোল করে ব্যবধান কমান।

বিশ্বকাপ ফুটবলে, গতরাতে **ফ্রান্স ৩-০ গোলে ইরাককে** হারিয়ে দেয়। ফ্রান্সের হয়ে ২ টি গোল করেন কিলিয়ান এমবাপে ও একটিই গোল করেন ওসমান দেম্বেলে। এদিকে, গ্রুপ জে-র ম্যাচে মেসির জোড়া গোলের সুবাদে **আর্জেন্টিনা, অস্ট্রিয়াকে** ২-০ গোলে হারিয়ে দেয়। ডালাস স্টেডিয়ামে ৩৮ মিনিটে প্রথম গোল করেন মেসি। দ্বিতীয়ার্ধের সংযুক্ত সময়ে আবার আরও একটি গোল করে জয়ের ব্যবধান নিশ্চিত করেন। এই ম্যাচ জিতে, আর্জেন্টিনা দ্বিতীয় রাউন্ডে পৌঁছে গেলো। জোড়া গোলের ফলে, জার্মানির মিরোস্লাভ ক্লোজে-কে টপকে, বিশ্বকাপের সর্ব্বোচ গোলদাতা হয়ে রেকর্ড গড়লেন মেসি। বিশ্বকাপে এই নিয়ে তাঁর গোলসংখ্যা দাঁড়ালো ১৮-য়। এছাড়াও, দ্বিতীয় খেলোয়াড় হিসেবে বিশ্বকাপে, একাই কোনও দলের প্রথম পাঁচটি গোল করলেন মেসি। এর আগে, ১৯৯৪ বিশ্বকাপে, রাশিয়ার ওলেগ সালেঙ্কোর ছিলো এই রেকর্ড। ওই বিশ্বকাপে, বুলগেরিয়ার হৃস্টো স্টইকোভের সঙ্গে যুগ্মভাবে সর্ব্বোচ গোলদাতা ছিলেন তিনি।

***********************************************************************